

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন

৫, কাওরান বাজার, ঢাকা।

তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০২১খ্রি.

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৫১৪.০২.২৪৬.২১. ৮-২২২

বিষয়: বিআরডিবি'র এসএমই ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত বিষয়ে নির্দেশনা প্রদান।

উর্পযুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (COVID-19) পরিস্থিতিতে পল্লী এলাকার প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতকে লক্ষ্য করে গ্রামীণ এলাকার ঋণদান কার্যক্রম সম্প্রসারণের নিমিত্ত ২০২০-২০২১ অর্থ বছরে অর্থ বিভাগের বাজেটের অধীন বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড-এর অনুকূলে বরাদ্দকৃত ৩০০ কোটি টাকার মধ্যে ২০২০-২১ অর্থ বছরে ১৫০ কোটি টাকা অবমুক্ত করা হয়। ইতোমধ্যে অর্থ বিভাগ কর্তৃক চলতি অর্থ বছরের জন্য অবশিষ্ট ১৫০ কোটি টাকাও বরাদ্দ প্রদান করেছে। গ্রামীণ এলাকার উক্ত ঋণদান কার্যক্রম সম্প্রসারণের নিমিত্ত ২০২০-২১ অর্থ বছরে প্রাপ্ত ১৫০ কোটি টাকা মাঠ পর্যায়ে বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। এসএমই ঋণ কার্যক্রম মাঠ পর্যায়ে সঠিকভাবে পরিচালনার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

- ১। একাধিক উপজেলা/জেলা হতে এসএমই ঋণের সংশোধনী প্রস্তাব সদর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। যৌক্তিক কারণ ছাড়া বার বার ঋণের সংশোধনী প্রস্তাব যে সকল উপজেলা/জেলা হতে পাঠানো হয়েছে, তাদের সংশোধনী প্রস্তাব প্রেরণের কারণ ব্যাখ্যা করে সরেজমিন বিভাগের সংশ্লিষ্ট শাখাকে অবহিত করতে হবে।
 - ২। সকল উপজেলা/জেলায় ১ম ধাপে বরাদ্দকৃত এসএমই ঋণ কার্যক্রম (উদ্যোক্তা বাছাই, ডকুমেন্টস সংরক্ষণ, নির্ধারিত সময়ে বিতরণ) সম্পন্ন করে ২য় ধাপের ঋণ বরাদ্দ পাওয়ার ক্ষেত্রে যোগ্যতা প্রমাণ করতে হবে।
 - ৩। যে সকল উপজেলায় এখনো বরাদ্দকৃত ঋণ বিতরণ হয়নি, তার সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক সরেজমিন বিভাগের সংশ্লিষ্ট শাখাকে অবহিত করতে হবে।
 - ৪। এসএমই ঋণ কার্যক্রম মাঠপর্যায়ে সরেজমিনে যাচাই-বাছাই/পরীক্ষা করার জন্য মন্ত্রণালয় হতে কমিটি গঠন করা হবে। কমিটি আগামী ০১ (এক) মাসের মধ্যে মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন করবেন।
 - ৫। আগামী অক্টোবর হতে এসএমই ঋণ কার্যক্রম অনলাইন সফটওয়্যারের মাধ্যমে চালু করা হবে। সে লক্ষ্যে যথাশীঘ্র সম্ভব এসএমই ঋণ কার্যক্রম পরিচালনার জন্য সফটওয়্যার ব্যবহারের উপর বিআরডিবি'র উপজেলা ও জেলা পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণ দেওয়া হবে।
 - ৬। এসএমই ঋণের উদ্যোক্তা পর্যায়ে সকল তথ্য/ডকুমেন্টস ১০ অক্টোবর/২০২১ এর মধ্যে সফটওয়্যারে অনলাইনে পোস্টিং দিতে হবে। একবার পোস্টিং দেয়ার পর পুনরায় সংশোধন করার কোন সুযোগ থাকবে না।
 - ৭। উপজেলা পর্যায়ে অনলাইনে পোস্টিং এর কাজ সদর কার্যালয় হতে Daily Monitoring করা হবে।
 - ৮। এসএমই ঋণ বিতরণ/আদায়, ডকুমেন্টস সংরক্ষণ এবং অনলাইনে পোস্টিং এর বিষয়টি ২য় কিস্তির বরাদ্দের ক্ষেত্রে যোগ্যতা হিসাবে বিবেচিত হবে। ঋণ প্রস্তাব প্রেরণের সময় সকল মূল রেকর্ডপত্রসহ ঋণের নথি তৈরি করে পাঠাতে হবে।
 - ৯। ঋণের ২য় কিস্তির টাকা জেলা/উপজেলাভিত্তিক আনুপাতিক হারে বিভাজন করা হবে না। যে সকল উপজেলা থেকে পূর্ণাঙ্গ ঋণ প্রস্তাব পাওয়া যাবে কেবল ঐ সকল উপজেলায় ঋণ বরাদ্দ দেয়া হবে।
 - ১০। বিআরডিবি'র অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম সম্পাদনের জন্য গঠিত কমিটির দলনেতা এবং Monitoring কর্মকর্তাগণ কর্তৃক এসএমই ঋণ বিতরণ, আদায়, ডকুমেন্টস সংরক্ষণ, সঞ্চয় জমা এবং উদ্যোক্তার ব্যবসায়িক পরিকল্পনা অনুযায়ী ঋণের সঠিক ব্যবহার হয়েছে কি না, এ সংক্রান্ত সকল বিষয় অনলাইনে (প্রযোজ্য ক্ষেত্রে) এবং সরেজমিনে Monitoring/পরিদর্শন করা হবে।
- এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনপূর্বক মাঠ পর্যায়ে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মো: আব্দুল কাদের

যুগ্মপরিচালক (সম্প্র. ও বি: প্র:)

ফোন: ৮১৮০০১২

১. ইউআরডিও (সকল).....উপজেলা....জেলা।
২. উপপরিচালক (সকল).....জেলা।
৩. নির্বাহী পরিচালক (পিইপি), ফরিদপুর

অনুলিপিঃ

- ১। উপপরিচালক (সম্প্রসারণ/বিশেষ প্রকল্প/মউ/মার্কেটিং), বিআরডিবি, ঢাকা।
- ২। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। কর্মসূচি পরিচালক (পদাবিক/পঞ্জীক/পল্লী প্রগতি/ইরেসপো/সদাবিক), বিআরডিবি, ঢাকা।
- ৫। সংশ্লিষ্ট টাস্ক ফোর্সের মনিটরিং কর্মকর্তা।
- ৬। যুগ্মপরিচালক (সিসিএম/আরইএম/মউ/প্রশাসন), বিআরডিবি, ঢাকা।
- ৭। পরিচালক (প্রশাসন/অর্থ/সরেজমিন/প্রশিক্ষণ/পরিকল্পনা), বিআরডিবি, ঢাকা।